ফুলকোচা সরকারি প্রাথমিক

বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষার

ফলাফল প্রকাশ ও পুরস্কার

বিতরণ

মোঃ রুহুল আমিন রাজু জামালপুরঃ জামালপুরের মেলান্দহ উপজেলার ৫২ নং ফুলকোচা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশ ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। গত ৩১ ডিসেম্বর মঙ্গলবার দুপুরে ফুলকোচা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে আয়োজিত ৩য় প্রান্তিক মূল্যালয়/ ২০২৪ এর ফলাফল প্রকাশ ও বৃত্তিপ্রাপ্ত /২০২২ শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ৫২নং ফুলকোচা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাবেক ম্যানেজিং কমিটির সভাপতি ও ফুলকোচা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ সুলতান আহাম্মদ।
এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেলান্দহ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ আলী চকদার। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেলান্দহ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ আনোয়ারুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ফুলকোচা ইউনিয়ন বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি ও সোস্যাল এডভান্সমেন্ট প্রোগ্রাম (এস,এ,পি) নির্বাহী পরিচালক মোঃ জহুরুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফুলকোচা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মামুন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেলান্দহ উপজেলা বিএনপির সদস্য ও সাবেক যুবদলের আহবায়ক মুন্জুরুল কবীর মুন্জু,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ নৌবাহিনীর লেঃ কমান্ডার মোঃ খালিদ,ফুলকোচা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ, সাবেক ব্যাংক কর্মকর্তা নজরুল ইসলাম মন্টু, মেলান্দহ উপজেলা বিএনপির সদস্য শফিউর রহমান শফি, ফুলকোচা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাজ্জাদ হোসইন, ফুলকোচা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক আলহাজ্ব ছামিউল হক, শিক্ষক গিয়াস উদ্দিন। অনুষ্ঠান উপস্থাপনা করেন ফুলকোচা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফারুক আহমেদ। পরে পুরস্কার বিতরণ করা হয়।